**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**5 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

পিএম বিশ্বকর্মা প্রকল্প সূচনার পর থেকে এর অধীনে প্রায় ২ কোটি ৫০ লক্ষ আবেদনপত্র জমা পড়েছে বলে সরকার জানিয়েছে । এর মধ্যে ২০ লক্ষ আবেদনপত্র ত্রিস্তরীয় নিরীক্ষনের পর পঞ্জিয়নভূক্ত করা হয়েছে ।সুক্ষ ক্ষুদ্র ও মধ্যম শিল্প মন্ত্রনালয় জানিয়েছে গতবছর সেপ্টেম্বর মাসে সূচণা হোয়া এই প্রকল্পের লক্ষ্য হচ্ছে দেশের কারিগর ও কারুশিল্পীদের তাদের কাজে আর্থিক সহায়তা করা ।এতে প্রায় ২০ লক্ষ পঞ্জীকৃত কারুশিল্পী ১৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা পেয়ে উপকৃত হয়েছেন ।

---

রাজ্য সরকারের কর্মচারীদের ৩ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান সম্পর্কে আজ আনুষ্ঠানিক নির্দেশনা জারি করা হয়েছে । রাজ্য সরকারের সচিব আজ এ সম্পর্কে নির্দেশনা জারি করেন । উল্লেখ্য গত ২৭ শে অক্টোবর আনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে রাজ্য সরকারের অধীন কর্মচারীদের মহার্ঘ ভাতা ৩ শতাংশ বৃদ্ধির প্রস্তাবে অনুমোদন জানানো

হয়েছিল ।এই সিদ্ধান্ত চলতি বছরের পয়লা জুলাই থেকে প্রযোজ্য হবে । অবশ্য কর্মচারীরা পয়লা ডিসেম্বর থেকে বর্ধিত হারে মহার্ঘভাতা লাভ করবেন ও বাকী ৪ মাসের জন্য কর্মচারীদের ৪ টি কিস্তিতে বকেয়া প্রদান করা হবে । রাজ্য সরকার এই বৃদ্ধির জন্য বছরে অতিরিক্ত ৮ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় করবে ।

---

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে আগামী ১৩ ই নভেম্বর অনুষ্ঠেয় উপনির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলি প্রচার অভিযান জোরদার করে তুলেছে । ক্ষমতাসীন বিজেপি সহ অন্যান্য দলগুলি স্থানে স্থানে দলীয় প্রার্থীর সমর্থনে সভা , পদযাত্রা সহ বিভিন্নভাবে প্রচার চালিয়ে যাচ্ছে । এদিকে ধলাই আসনে কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থের হয়ে এ আই সি সির সাধারণ সম্পাদক জিতেন্দ্র সিং প্রচার সভায় অংশ নেন । শ্রী সিং এর সংগে এ আই সি সির সম্পাদক পৃথীরাজ সাথে , এ পি সি সির সভাপতি ভূপেন বরা , বিধায়ক নন্দিতা দাস সহ বেশ কয়েকজন দলীয় নেতা কর্মী নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন । মন্ত্রী পীযুষ হাজারিকা বিহালী আসনের বেশ কিছু অঞ্চলে বিজেপি মনোনীত প্রার্থী দিগন্ত ঘাটোয়ারের হয়ে নির্বাচনী প্রচার চালায় । বিজেপির রাজ্য সভাপতি ভবেশ কলিতা , রঞ্জিত দত্ত সহ বেশ কয়েকজন বিজেপি নেতা এই প্রচার সভায় উপস্থিত ছিলেন ।

এদিকে মন্ত্রী রঞ্জিত কুমার দাস বঙাইগাও বিধানসভা আসনের দুলাইগাও গাও পঞ্চায়েতে বিজেপি মিত্রজোটের প্রার্থী দিপ্তীময়ী

চৌধুরীর হয়ে প্রচার চালান । তিনি অগপর বঙাইগাও জেলা কার্যালয়ে এক বৈঠকে অংশ গ্রহণ করে আগামী ৬ ই নভেম্বর মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার এই আসনের জন্য জনসভায় অংশ গ্রহনের প্রস্তুতি সম্পর্কে আলোচনা করেন ।এক ই ভাবে সামাগুড়ি বিধানসভা আসনের উপনির্বাচনের এন ডি এ র মনোনীত বিজেপি প্রার্তী দিপ্লুরঞ্জন শর্মার হয়ে মন্ত্রী কেশব মহন্ত ও অতুল বরা প্রচার চালান ।

অন্যদিকে সাংসদ রকিবুল হুসেইন সামাগুড়ি বিধানসভা আসনের কংগ্রেস প্রার্থী তানজিল হুসেইনের হয়ে নির্বাচনী প্রচার চালান । সাংসদ গৌরব গগৈ বিহালী আসনের কংগ্রেস প্রার্থী জয়ন্ত বরার হয়ে বেশ কয়েকটি প্রচার সভায় অংশ গ্রহন করেন ।

---

ধলাই বিধানসভা আসনের উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ।নির্বাচনী সামগ্রী বিতরণ ও সংগ্রহ করার জন্য একটি সুনির্দিস্ট সময়সূচী প্রস্তুত করা হয়েছে ।এছাড়া নির্বাচনের কাজে নিয়োজিত কর্মীদের জন্য বিশেষ প্রশিক্ষণ কার্যসূচীর আয়োজন করা হয়েছে । শিলচর রামনগর ইন্টার স্টেট ট্রাক টার্মিনার্স ( আই এস টি টি) তে নির্বাচনী সামগ্রী বিতরণ ও গ্রহণ কেন্দ্র স্থাপন করা হয়েছে বলে জেলা নির্বাচন কার্যালয় সূত্রে জানানো হয়েছে ।নির্বাচনী সামগ্রী আগামী ১২ নভেম্বর বিতরণ করা হবে ।এদিকে আগামী ৮ নভেম্বর কাছাড় জেলা

পরিষদের সভাকক্ষে বিভিন্ন বিভাগে নিয়োজিত গ্রেড থ্রি ও গ্রেড ফোর কর্মচারীদের নিজেদের দ্বায়িত্ব বুঝিয়ে দিতে এক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে ।আগামী ১২ ও ১৩ ই নভেম্বর সকাল ৫ টা থেকে ডাকবাংলো এবং জেলা আয়ুক্তের কার্যালয়ের সামনে থেকে বাস সেবা চালু থাকবে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।শিলচর উন্নয়নভবনের পাস ও ফটোগ্রাফি সেল থেকে ১৩ ই নভেম্বরের আগেই প্রয়োজনীয় পাস সংগ্রহ করার জন্য সব স্তরের কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে ।

---

কাছাড় জেলায় আসন্ন ছটপূজো সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্দেশ্যে আজ জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে জেলা আয়ক্ত কার্যালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় জেলা আয়ুক্ত শ্রী যাদব আগামী ৬ ও ৭ নভেম্বর ছটপূজো পালনের জন্য লক্ষীপুর সহ জেলার বিভিন্ন ঘাট সমুহে আগের দিন রাত থেকে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা সহ ঘাটগুলোর বেরিকেডিং ,  চলাচলে সাবধানতা অবলম্বন ইত্যাদির ওপর জোড় দেন ।জেলা আয়ুক্ত জেলার বিভিন্ন ঘাটে এস ডি আর এফ বাহিনী মোতায়েন করতে অতিরিক্ত আয়ুক্ত যুবরাজ বরঠাকুরকে নির্দেশ দেন ।এছাড়া শিলচর পৌরসভা এবং সংশ্লিষ্ট চক্রাধিকারীক সহ সব বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন । সভায় অতিরিক্ত জেলা আয়ুক্ত শ্রী বরঠাকুর , অন্তরা সেন , পুলিশ সুপার নোমাল মাহাতো প্রমুখ উপস্থিত ছিলেন ।

কাছাড় জেলার সহকারী শ্রম আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে শিলচর শহরের দোকান ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মালিকদের আসাম দোকান ও প্রতিষ্ঠান আইন ১৯৭১ এর ১১ নম্বর ধারা অনুযায়ি প্রত্যেক রবিবার নিজ নিজ দোকান তথা বানিজ্যিক প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন ।এই নির্দেশ অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে । তবে আইন অনুসারে ছাড় পাওয়া প্রতিষ্ঠানগুলো এই আদেশের বাইরে থাকবে ।

---

করিমগঞ্জ পৌরসভার কার্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তিতে করিমগঞ্জ পৌর এলাকার সর্বস্তরের ব্যবসায়ীদের অবগতির জন্য জানিয়েছেন যে আগামীকাল থেকে সব ব্যবসায়িক প্রতিষ্ঠানের কাছ থেকে উপযুক্ত রশিদ সহকারে ইউজার মাশুল সংগ্রহ করা হবে ।সংশ্লিষ্ট আদায়কারীদেরকে সহযোগিতা করার জন্য তথা বিনা রশিদে মাশুল না দিতে ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানানো হয়েছে ।